দৈনিক ইত্তেফাক

19 NOV 1990

18

# রাজশাহী বোর্ডে ৮টি কলেজ হইতে একজনও পাস করে নাই

রংপুর সংবাদদাতার তার : গত এইচ এস সি পরীক্ষায় রাজশাহী বোর্ডের আওতাধীন আটটি কলেজ হইতে একজনও পাস করে নাই। অপর কয়েকটি কলেজ হইতে এক বা দুই জন পাস করিয়াছে।

নীলফামারীর মশিউর রহমান কলেজ, কুড়িগ্রামের মাজেদা আদর্শ কলেজ, গাইবান্ধার তুলসি-ঘাট শামসুল হক কলেজ, লাল-

(৭ম পৃঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ডে ৮টি কলেজ

(৩য় পৃঃ পর)

মনিরহাটের মজিদা খাতুন উইমেনস কলেজ, দিনাজপুরের পাঁচবাড়ি কলেজ, বগুড়ার বালুয়াহাট কলেজ, ঈশ্বরদীর বাসেরবাড়া ও নওগাঁর গঙ্গাপুরিয়া কলেজ হইতে কেহই পাস করে নাই। নাটোরের গাঙ্গোলী শহীদুল্লাহ কলেজ ও কুড়িগ্রামের পাঁচপীর হইতে পাস করিয়াছে একজন করিয়া।

কলেজগুলির অসফলতা আমাদের শিক্ষা ব্যবস্থার দীনতার চিত্র তুলিয়া ধরিয়াছে। ইহারা প্রতি বছর চার-পাঁচ লক্ষ টাকা করিয়া সরকারী মঞ্জুরী পাইয়া থাকে।